

# স্কুল ফর কমিউনিটি ডেভেলপমেন্ট

রমাদান কার্যক্রম - ১৪৪৩

গ্রুপ "ইশা"

শ্রেণি: ৯ম ও ১০ম



নাম :

শ্রেণি:

শিফট :

অভিভাবকের স্বাক্ষর :

## দিকনির্দেশনা

- শিক্ষার্থীরা নির্ধারিত ক্লাস অনুযায়ী এ্যাসাইনমেন্ট-এর পিডিএফ ফাইলটি ডাউনলোড করে প্রিন্ট করে নিতে পারেন অথবা স্কুল থেকে প্রিন্টেড কপি সংগ্রহ করতে পারেন, ইন-শা-আল্লাহ।
- ৯ম ও ১০ম শ্রেণির শিক্ষার্থীরা নির্ধারিত এ্যাসাইনমেন্ট-এর প্রিন্টেড কপির মধ্যেই লিখবেন। প্রয়োজনে আলাদা A4 পৃষ্ঠা সংযুক্ত করা যাবে।
- শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট প্রস্তুতের ক্ষেত্রে বাবা-মা / অভিভাবক পরোক্ষভাবে সহযোগিতা করতে পারবেন। যেমন, কোনো বিষয় সম্পর্কে শিক্ষার্থীদের সঠিক জ্ঞান না থাকলে তাদেরকে বিষয়টি সম্পর্কে আল-কুরআন, নির্ভরযোগ্য তাফসির বা কিতাব অথবা সহীহ হাদিস থেকে শিখিয়ে দেওয়া যাবে, যাতে করে শিক্ষার্থী নিজেরাই উত্তরটি লিখতে পারেন। তবে সরাসরি উত্তর বলে দেওয়া থেকে বিরত থাকার জন্য বিশেষভাবে সকলকে বিনীত অনুরোধ করছি। এ্যাসাইনমেন্ট তৈরিতে যেকোনো ধরনের অসদুপায় অবলম্বন করা বা অসুস্থ প্রতিযোগিতামূলক মানসিকতা সম্পূর্ণভাবে পরিহার করতে হবে। এর মূল উদ্দেশ্য হতে হবে জ্ঞান অর্জনের মাধ্যমে আল্লাহর সন্তুষ্টি অর্জন, ইন-শা-আল্লাহ।
- এ্যাসাইনমেন্ট-এর হার্ড কপি আগামী ১২ মে ২০২২-এর মধ্যে স্কুলে সাবমিট করবেন ইন-শা-আল্লাহ।

## ১ম সপ্তাহ

সাদ ইবনে আবি ওয়াক্কাস রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, আল্লাহ সুবহানাল্লাহ তায়ালা তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর অনেক দিন হতে বিভিন্ন আয়াত নাজিল করেছিল। তখন সাহাবায়ে কেরাম রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বললেন, হে আল্লাহর রাসূল! যদি আমাদের কোন গল্প শোনাতেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এক নবীর কাহিনী শোনান, ওই নবীর নামে আল-কোরআনে একটি পূর্ণাঙ্গ সূরা রয়েছে। সূরাটি মক্কায় নাযিল হয়। ঐ সূরাটিতে ঐ নবীর কাহিনী ধারাবাহিকভাবে বর্ণিত হয়েছে।

**প্রশ্ন:**

**ক) সাহাবায়ে কেরাম রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে সুন্দর গল্প শোনার আবদারে যে সূরাটি নাযিল হয়, সে সূরাটির নাম উল্লেখ করুন এবং সংক্ষিপ্ত আকারে সূরাটির তাৎপর্য লিখুন।**

## ২য় সপ্তাহ

সূরা মারইয়ামে কিছু নবী ও রাসূলের কাহিনী বর্ণনা করা হয়েছে।

**প্রশ্ন: কতজন নবী ও রাসূলের কাহিনী বর্ণনা করা হয়েছে? তাদের নাম উল্লেখ করে তাদের বৈশিষ্ট্য লিখুন।**

**খ) প্রশ্ন: সূরা মারিয়ামের গুরুত্ব বেশি কেন? ব্যাখ্যা করুন।**

অর্থ: "..... আমরা আপনার কাছে উত্তম কাহিনী বর্ণনা করছি, ওহীর মাধ্যমে আপনার কাছে এই কুরআন পাঠিয়ে যদিও এর আগে আপনি ছিলেন অনবহিতদের অন্তর্ভুক্ত।" - [১২ : ৩]

**গ) প্রশ্ন: এ আয়াতে বলা হয়েছে, "আমরা আপনার কাছে উত্তম কাহিনী বর্ণনা করছি" - এখানে কোন কাহিনীর কথা বলা হয়েছে এবং উত্তম কাহিনী বলার কারণগুলো লেখ।**

"নিশ্চয়ই এটি নাযিল করেছি কুরআন হিসেবে আরবি ভাষায়, যাতে তোমরা বুঝতে পার" - [১২ : ২]

**ঘ) প্রশ্ন : আয়াতটি থেকে কী বুঝতে পারি ব্যাখ্যা করুন।**

"অবশ্যই ইউসুফ এবং তার ভাইদের ঘটনায় জিজ্ঞাসুদের জন্য অনেক নিদর্শন রয়েছে।" - [১২ : ৭]

**ঙ) প্রশ্ন: এ আয়াতে বর্ণিত নিদর্শনসমূহ কী কী?**

## ৩য় সপ্তাহ

".... বিধান দেওয়ার অধিকার শুধুমাত্র আল্লাহর। তিনি নির্দেশ দিয়েছেন শুধু তাঁকে ছাড়া অন্য কারও ইবাদত না করতে, এটাই দ্বীন কিন্তু অধিকাংশ মানুষ এটা জানেনা।" - [১২ : ৪০]

**চ) প্রশ্ন: এ আয়াতে আল্লাহ কিসের ঘোষণা দিয়েছেন? মানুষের জীবনে তার গুরুত্ব ও প্রভাব বর্ণনা করুন।**

"..... হুকুম একমাত্র আল্লাহরই তার উপর আমি তাওয়াক্কুল করছি এবং তার উপর যেন সকল তাওয়াক্কুলকারী তাওয়াক্কুল করে।" [১২ : ৬৭]

**ছ) প্রশ্ন: "তঁারই উপর যেন সকল তাওয়াক্কুলকারী তাওয়াক্কুল করে" - এ দ্বারা কি বুঝানো হয়েছে? - ব্যাখ্যা করুন।**

"তাদের বেশিরভাগই আল্লাহর উপর ঈমান রাখে তবে তার সাথে (ইবাদতে) শিরক করা অবস্থায়।" - [১২ : ১০৫]

**জ) প্রশ্ন: এ আয়াতে কোন ধরনের লোক অন্তর্ভুক্ত? এবং তাদের বৈশিষ্ট্য ও পরিণতি বর্ণনা করুন।**

**ঝ) প্রশ্ন: কবুল না হওয়ার আশংকা নিয়ে ইবাদত করা উত্তম নাকি কবুল হওয়ার আশা নিয়ে ইবাদত করা উত্তম?**

**ঞ) সমস্ত কর্মের প্রতিফল নিয়তের উপর নির্ভরশীল"- ব্যাখ্যা করুন।**

## চতুর্থ সপ্তাহ

ট) প্রশ্ন: ৪২ : ২০ আয়াতের আলোকে কারা প্রকৃত লাভবান? তাদের চারিত্রিক বৈশিষ্ট্য এবং কারা ক্ষতিগ্রস্ত তাদের চারিত্রিক বৈশিষ্ট্য বর্ণনা করুন।

ঠ) প্রশ্ন: ১৬ : ৬৭ আয়াতে লক্ষ্য করলে কোন ধরনের পরীক্ষা ও পাপের সম্মুখীন হয় মানুষ? এ ধরনের পরীক্ষার সম্মুখীন হলে তোমাদের করণীয় কী?

ড) প্রশ্ন: ১১ : ১২ নাম্বার আয়াতে "সীমালঙ্ঘন করো না" এখানে কী ধরনের সীমালঙ্ঘনের কথা বলা হয়েছে? ব্যাখ্যা করুন।

ঢ) প্রশ্ন: ২ : ২৬৮ .. "আল্লাহ সর্বব্যাপী - প্রাচুর্যময়, সর্বজ্ঞ" । আল্লাহর এই সিফাত এর উপর বিশ্বাস রাখলে আমরা কোন কোন ধরনের পরীক্ষা থেকে নিজেদের বাঁচিয়ে রাখতে পারব?